ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৭৭৭
খোয়াই, ১৭ জুলাই, ২০২৫

# খোয়াই জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে সাধারণ মানুষের চলাচলে বিধিনিষেধ আরোপ

জনজীবনে শান্তি ও নিরাপত্তা বজায় রাখতে খোয়াই জেলার অন্তর্গত ভারত-বাংলাদেশ সীমান্তের ৫০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর কিছু বিধিনিষেধ আরোপ করা হয়েছে। এই বিধিনিষেধ আগামী ২৩ জুলাই, ২০২৫ থেকে ২০ সেপ্টেম্বর, ২০২৫ পর্যন্ত বলবৎ থাকবে। প্রতিদিন রাত ৮টা থেকে পরদিন ভোর ৫টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে। বি.এন.এস.এস.-এর ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী খোয়াই জেলার জেলাশাসক রজত পন্থ এক বিজ্ঞপ্তিতে এই বিধিনিষেধ আরোপ করেছেন। তবে আইন শৃঙ্খলা রক্ষার কাজে নিযুক্ত সামরিক, আধাসামরিক বাহিনী, রাজ্য পুলিশ বাহিনীর সদস্যগণ, জেলা পুলিশ সুপার, মহকুমা শাসক প্রদত্ত বৈধ অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তি, জরুরি কাজে নিয়োজিত সরকারি কর্মীগণ এবং অবিলম্বে চিকিৎসার প্রয়োজন এমন ব্যক্তিগণ এই বিধিনিষেধের আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে বি.এন.এস.এস.-এর ২০২৩-এর ১৬৩ নং ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

*****